উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী (মাস: মার্চ/২০২২)

অধিবেশন:-১১৪

উপদেষ্টা : জনাব আনোয়ারুল আবেদীন খান (তুহিন), মাননীয় জাতীয় সংসদ সদস্য

১৫৪-ময়মনসিংহ-৯, নান্দাইল, ময়মনসিংহ ।

সভাপতি : জনাব হাসান মাহমুদ জুয়েল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল ।

স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ ।

তারিখ : ২৮ মার্চ, ২০২২ খ্রিঃ ।

সময় : বেলা ১১.০০ ঘটিকা ।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের হাজিরা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত ।

সভার প্রারম্ভে সভাপতির অনুরোধক্রমে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন উপজেলা পরিষদ জামে মসজিদের সহকারী ইমাম জনাব আবু বক্কর সিদ্দিক । অতঃপর চেয়ারম্যান, উপজেলা পরিষদ নান্দাইল এর অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার নান্দাইল কর্তৃক আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ নিম্ন বর্ণিতভাবে আরম্ভ করেন :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **০১ । উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন ।** | **বিগত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন ও বিয়োজন না থাকায় এবং কোন সংশোধনী প্রস্তাব উত্থাপিত না হওয়ায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয় ।** | **সংশ্লিষ্ট সদস্যগণ ।** |
| **০২ । উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে,** নান্দাইল টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের সামনে (কিশোরগঞ্জ-ময়মনসিংহ সড়ক) রাস্তায় একটি স্পিড ব্রেকার নির্মানের বিষয়ে আলোচনা করেন । | নান্দাইল টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের সামনে (কিশোরগঞ্জ-ময়মনসিংহ সড়ক) রাস্তায় একটি স্পিড ব্রেকার নির্মানের জন্য সড়ক ও জনপথ প্রকৌশল উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা নিবার্হী অফিসার, নান্দাইল । |
| ক্যান্সার, কিডনি, স্টোক ইত্যাদি জটিল রোগে আক্রন্ত অসুস্থ্য ব্যক্তিদের সমাজ ক্যালান মন্ত্রণালয়ের মাধ্যমে সমাজসেবা অফিসের তত্ত্বাবধানে ৫০,০০০/- টাকা আর্থিক অনুদান বিতরন কর্মসূচি চলমান রয়েছে। সচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করনের জন্য এবং ভাতাভোগীদের হয়রানিমুক্ত সেবা প্রদানের জন্য উপজেলা সমাজসেবা অফিস ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মাধ্যমে আবেদনগুলি যাচাই বাছাই করন ও অগ্রায়ন করন বিষয়ে পরাশর্ম প্রদান করেন । | উপজেলা সমাজসেবা কর্মকর্তা এবং উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা মাধ্যমে ক্যান্সার, কিডনি, স্টোক ইত্যাদি জটিল রোগে আক্রন্ত অসুস্থ ব্যক্তিদের আবেদনগুলি যাচাই বাছাইয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা সমাজসেবা কর্মকর্তা এবং উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা নান্দাইল । |
| টিসিবির পণ্য বিতরণ বিষয়ে জানান যে, শেরপুর ইউনিয়ন, খারুয়া ইউনিয়ন ২৯/০৩/২০২২ খ্রিঃ এবং<br>সিংরইল ও আচারগাঁও উনিয়ন ৩০/০৩/২০২২ খ্রিঃ তারিখ বিতরন করা হবে । | টিসিবির পণ্য সুষ্ঠভাবে বিতরনের সিদ্ধান্ত গৃহীত হয় । | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সংশ্লিষ্ট)/ দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা । |
| উপজেলা খাদ্যগুদামে চাল মজুদ করার পূর্বে চালের মান ভালো আছে কিনা সে বিষয়ে সর্তক থাকার জন্য উপজেলা খাদ্য কর্মকর্তাকে পরামর্শ প্রদান করেন । | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা উপজেলা খাদ্যগুদামে চাল মজুদ করার পূর্বে চালের মান ভালো আছে কিনা সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা, নান্দাইল । |
| **০৩ । উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান যে,** করোনা ভ্যাকসিন কার্যক্রম ৭০% ভাগে উন্নীত করার জন্য সকলকে উদ্বুদ্ধ করার আহবান জানানো হচ্ছে যা বর্তমানে ৪৮% আছে ।<br>সকল ধরনের স্বাস্থ্যসেবাকার্যক্রম অব্যাহত আছে । | সরকারি নির্দেশনা মোতাবেক বিভাগীয় কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, নান্দাইল । |
| **০৪ । উপজেলা কৃষি বিভাগ ঃ** রবি ২০২১-২০২২ মৌসুমে অত্র উপজেলায় ২১৯০৫ হেক্টর জমিতে বোরো আবাদ লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছিল এবং ২২২৩৫ হেক্টর জমিতে বোরো আবাদ সম্পন্ন হয়েছে । কৃষকগণ যেন বোরো ফসল ভালভাবে | সারের মূল্য যেন বৃদ্ধি না পায় সে জন্য সর্বদা দোকান মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল । |

| | | |
|---|---|---|
| অনুরোধ করেন। ১৩ টি ইউনিয়নের উপকারভোগির নামের তালিকা ঢাকায় উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরনের বিষয়ে আলোচনা করেন। | উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| **০৮। উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে,** নান্দাইল উপজেলার ১৭৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শ্রেণী পাঠদান কার্যক্রম চলমান রয়েছে। সকল শিক্ষার্থীকে শতভাগ বই বিতরণ করা হয়েছে। বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের জন্য মাক্স এবং হেন্ডস্যানিটাইজারের ব্যবস্থা করা হয়েছে। প্রাথমিক বিদ্যালয়ের চলমান কাজ সমূহ দ্রুত সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। | নীতিমালা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের সকল কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, নান্দাইল/উপজেলা শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |
| **০৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে,** নান্দাইল উপজেলার ৭৮টি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, কলেজ ও মাদ্রাসা) ২৯২০৯ জন শিক্ষার্থীদের ডাবল ডোজ টিকা দেয়া হেয়েছে।<br><br>স্বাস্থ্যবিধি মেনে সকল স্কুল, কলেজ ও মাদ্রাসায় শিক্ষা কার্যক্রম সরকারি নির্দেশনা অনুযায়ী পরিচালিত হচ্ছে। শিক্ষার্থীদের উপস্থিতি সন্তোষজনক। | সরকারি নির্দেশনা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের সকল কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |
| **১০। উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে,** ২০২০-২০২১ অর্থ বছর হতে জিটুপি পদ্ধতিতে মোবাইল ফিনান্সিয়াল সার্ভিসেস (নগদ) এর মাধ্যমে সরাসরি অত্র উপজেলার ৪০,০০০(চল্লিশ হাজার) ভাতাভোগীর নামে নিবন্ধিকৃত মোবাইলে ভাতার অর্থ প্রদান করা হচ্ছে। মোবাইলে অর্থ প্রদান করার কারণে ০১। মৃত ভাতাভোগীর তথ্য পাওয়া যাচ্ছে না, ০২। অবৈধ ভাতাভোগী সনাক্ত করা যাচ্ছে না, ০৩। নগদ হিসেবের পিন বা হিসাব সংশ্লিষ্ট সমস্যা সমাধান করা যাচ্ছে না, ০৪। জিটুপি বাস্তবায়নে ভাতাভোগীর দায়িত্ববোধ বিষয়ে অনেক ভাতাভোগী সচেতন নয়, ০৫। সহজ-সরল ভাতাভোগীগণ প্রতারক চক্র কর্তৃক প্রতারণার শিকার হচ্ছেন, ০৬। মধ্যস্বত্বভোগীর দৌরাত্ম্য বৃদ্ধি পাচ্ছে, ০৭। প্রকৃত ভাতাভোগীর অর্থ প্রাপ্তি শতভাগ নিশ্চিত করা যাচ্ছে না, ০৮। অন্য উপজেলা বা জেলার ভাতাভোগী সনাক্ত করা যাচ্ছে না, ০৯। ভাতাভোগী সশরীরে না এসে নমিনি বা পরিবারের সদস্যদের দ্বারা সেবা প্রাপ্তি নিশ্চিত করা যাচ্ছে না, ১০। একাধিক সিম ধারণকারী সনাক্ত করা যাচ্ছে না, ১১। ভাতা হয়েছে অথচ জ্ঞাত নয় এমন ভাতাভোগী সনাক্ত করা যাচ্ছে না, ১২। অপেক্ষমাণ উপকারভোগীদের প্রতিস্থাপন করা যাচ্ছে না ইত্যাদি। তিনি জানান যে, বর্ণিত সমস্যাগুলো সমাধানের জন্য ভাতাভোগীদের সশরীরে হাজির করে সনাক্তকরণ প্রয়োজন। সে জন্য প্রত্যেক ইউনিয়নের প্রতিটি ওয়ার্ডে ওয়ার্ডে গিয়ে একটি নির্দিষ্ট স্থানে ভাতাভোগীদের একত্র করে সরাসরি যাচাই-বাছাই করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা-পর্যালোচনার পর উপস্থিত সকল সদস্য সহমত পোষণ করেন। | ০১। উদ্ভূত সমস্যা সমাধান কল্পে সকল ভাতাভোগীকে সশরীরে হাজির করে যাচাই-বাছাই করা<br><br>০২। যাচাই- বাছাইয়ের তারিখ এবং সময়, উপজেলা চেয়ারম্যান মহোদয়ের সম্মতিতে ইউনিয়ন পরিষদের সাথে সমন্বয় করে নির্ধারণ করা হবে।<br><br>০৩। শতভাগ স্বচ্ছতা নিশ্চিতকরণের জন্য কারো কোন প্রকার সুপারিশ গ্রহণযোগ্য হবে না। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, নান্দাইল/ ভাতা সংশ্লিষ্ট কমিটি |
| **১১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নান্দাইল সভায় জানান যে,** চলতি অর্থ বছরে অপ্রাতিষ্ঠানিক ১৪টি ব্যাচের মধ্যে ১১টি ব্যাচে ৩৩০ জনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। আত্মকর্মসংস্থান হয়েছে ৫৫ জন। ঋণ কার্যক্রম অব্যাহত আছে। তিনি আরও জানান যে, "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২২" এর বিজ্ঞপ্তি প্রদান করা হয়েছে। ১৮ হতে ৩৫ বছরের বয়সসীমার নারী-পুরুষগণ আবেদন করতে পারবেন। ইমপ্যাক্ট (৩য় পর্যায়) অধীন ১৩০ জন বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপন করতে আগ্রহী যুব ও যুব মহিলাদেরকে "সমন্বিত পারিবারিক খামার স্থাপন ও সম্প্রসারণ এবং বায়োগ্যাস প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ" প্রদান করা হবে। ২০২১-২০২২ অর্থ বছরে যুব কল্যান তহবিল অনুদানের জন্য ১টি সংগঠন আবেদন করেছেন।<br>করোনা প্রাদুর্ভাবে কিস্তি খেলাপী হয়েছে ও ঋণ খেলাপী বৃদ্ধি | বিভাগীয় কার্যক্রম নীতিমালা মোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নান্দাইল। |

| | | |
|---|---|---|
| ১২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ৩টি ট্রেডের প্রশিক্ষণ চলমান রয়েছে। ভিজিডি খাদ্য শস্য বিতরণ বিষয়ে আলোচনা করেন।<br><br>তিনি আরও জানান যে, ইউনিয়ন বাল্যবিবাহ ও নারী নির্যাতন প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ প্রতি মাসের ২০ তারিখের মধ্যে উপজেলা কমিটির নিকট প্রেরণ করার জন্য প্রস্তাব উথাপন করেন। | উপজেলা ভিজিডি কমিটির সভার মাধ্যমে নীতিমালা মোতাবেক ভিজিডি বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>ইউনিয়ন বাল্যবিবাহ ও নারী নির্যাতন প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ প্রতি মাসের ২০ তারিখের মধ্যে উপজেলা কমিটির নিকট প্রেরণ করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নান্দাইল।<br><br>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)। |
| ১৩। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা সভায় জানান যে, কৃষকের অ্যাপের মাধ্যমে সহজেই প্রতি মণ ধান ১০৮০/- টাকা দরে সরকারি গুদামে বিক্রয়ের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। ধান সংগ্রহের সময়সীমা ২৮ এপ্রিল ২০২২ হতে ৩১ আগষ্ট ২০২২ পর্যন্ত। বিস্তারিত জানার জন্য ৩৩৩ এ কল করার জন্য অনুরোধ করেন। তিনি সকল সদস্যগনের সহযোগীতা কামনা করেন। | সরকারী নীতিমালা মোতাবেক সকল সদস্যগণকে ধান ক্রয়ে সহযোগীতা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, নান্দাইল/সংশ্লিষ্ট সকল সদস্যগণ। |
| ১৪। উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় গভীর সাবমার্সিবল এবং অগভীর সাবমার্সিবল টিউবওয়েল ও গভীর, অগভীর তারা টিউবওয়েল এর কাজ চলমান রয়েছে (১ম, ২য় এবং ৩য় পর্যায়) এছাড়া অধিদপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | | |
| ১৫। উপসহকারী প্রকৌশলী (বিএডিসি) সভায় জানান যে, গাংগাইল ইউনিয়নে ৩টি ওয়াটার পাস কার্যক্রম সম্পন্ন হয়েছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | নীতিমালা মোতাবেক বিভাগীয় কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপসহকারী প্রকৌশলী (বিএডিসি) নান্দাইল। |
| ১৬। সভাপতি ও চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান ইউনিয়ন পরিষদ হতে মৃত্যু সনদগুলি অনলাইনের মাধ্যমে প্রস্তুত করার পরামর্শ প্রদান করেন।<br><br>মৃত্যু সনদ, ওয়ারিশন সনদ এবং অন্যান্য সনদপত্রগুলি অনলাইনে প্রস্তুত করা হলে কোন ধরনের অনিয়ম হবে না। সকল ইউপি চেয়ারম্যানগণকে উক্ত বিষয়টি বাস্তবায়নের জন্য অনুরোধ করেন।<br><br>উপজেলা সমাজসেবা অফিসের আওতায় কোন ভাতা ভোগীর কার্ড রিপ্লেস করা পূর্বে অনলাইনে মৃত্য সনদ চেক করে তারপর কার্ড রিপ্লেস করার জন্য সমাজসেবা কর্মকর্তাকে পরামর্শ প্রদান করেন। এবং উপজেলা পরিষদের সিদ্ধান্ত ছাড়া কোন কার্ড রিপ্লেস করা হবে না। উপজেলা পরিষদের সিদ্ধান্ত ছাড়া কোন কার্ড রিপ্লেস করা হলে তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>তিনি আরও জানান যে, রাস্তার নাম করন বিষয়ে ৪টি দরখাস্ত পাওয়া যায় ১। নান্দাইল বাজার হতে দেওয়ানগঞ্জ বাজার পর্যন্ত রাস্তা শহীদ ইলিয়াস উদ্দিন ভূইয়া সড়ক নামে রাস্তাটির নাম করনের জন্য প্রস্তাব উথাপন করেন। ২। শাহনেওয়াজ পাঠাগার হতে বালিয়াপাড়া পর্যন্ত রাস্তাটি বীর মুক্তিযোদ্ধা গাজী আব্দুস সালাম ভূইয়া সড়ক নামে এবং ৩। নান্দাইল ব্রীজ মোড় হতে রসুলপুর পর্যন্ত শহীদ বীর মুক্তিযোদ্ধা শামসুল হক সড়ক নামে নাম করন ৪। মোয়াজ্জেমপুর মাজার বাসষ্টেশন হতে বাহাদুরপুর পর্যন্ত সড়ক শহীদ আনিছ আহম্মেদ ভূইয়া নামে রাস্তার নাম করনের প্রস্তাব উথাপন করেন। | রাস্তার নাম করন বিষয়ে, ১। নান্দাইল বাজার হতে দেওয়ানগঞ্জ বাজার পর্যন্ত রাস্তা শহীদ ইলিয়াস উদ্দিন ভূইয়া সড়ক নামে রাস্তাটির নাম করনের জন্য প্রস্তাব উথাপন করেন। ২। শাহনেওয়াজ পাঠাগার হতে বালিয়াপাড়া পর্যন্ত রাস্তাটি বীর মুক্তিযোদ্ধা গাজী আব্দুস সালাম ভূইয়া সড়ক নামে এবং ৩। নান্দাইল ব্রীজ মোড় হতে রসুলপুর পর্যন্ত শহীদ বীর মুক্তিযোদ্ধা শামসুল হক সড়ক নামে নাম করন ৪। মোয়াজ্জেমপুর মাজার বাসষ্টেশন হতে বাহাদুরপুর পর্যন্ত সড়ক শহীদ আনিছ আহম্মেদ ভূইয়া নামে রাস্তার নাম করনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি ও চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ কর্তৃক উপস্থিত সম্মানিত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/০৩/২০২২
(হাসান মাহমুদ জুয়েল)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নান্দাইল, ময়মনসিংহ।

স্মারকনং- ৪৬.৪৫.৬১৭২.০০০.০৬.০০১.২০- ১৮ তারিখ ঃ-২৮/০৩/২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :-

১। মাননীয় সংসদ সদস্য, ১৫৪- ময়মনসিংহ- ৯, নান্দাইল।
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪। সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা শাখা-১/উপজেলা শাখা-২ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মেয়র, নান্দাইল পৌরসভা, নান্দাইল, ময়মনসিংহ।
৬। জনাব মোঃ সারোয়ার হাসান, ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
৭। জনাব মনোয়ারা জুয়েল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
৮। উপজেলা ---------------------------------------------------- অফিসার, নান্দাইল, ময়মনসিংহ।
৯। চেয়ারম্যান ---------------------------------ইউনিয়ন পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
১০। অফিস কপি।

২৮/০৩/২০২২
(মোহাম্মদ আবুল মনসুর)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
নান্দাইল, ময়মনসিংহ।